**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রাজভবনে টিবি মুক্ত ভারত গড়তে জন জন কা রাখে ধেয়ান টিবি মুক্ত ভারত অভিযানের সূচনা করেছেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার আরো উন্নয়নে খুব শীঘ্রই নয়াদিল্লিস্থিত এইমস হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের মৌ স্বাক্ষরিত হবে|**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৫টি দত্তক নেওয়া আদিবাসী গ্রামে চিকিৎসা সুবিধা নিশ্চিত করার জন্য এইমস দেওঘরের প্রশংসা করেছেন।**

**(৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদকালে "প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনা"র জন্য অতিরিক্ত ১৯২০ কোটি টাকা ব্যয় অন্তর্ভুক্ত করেছে।**

****************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রাজভবনে টিবি মুক্ত ভারত গড়তে ‘জন জন কা রাখে ধেয়ান টিবি মুক্ত ভারত অভিযানের সূচনা করেছেন। তিনি বলেন, রাজ্যে টিবি মুক্ত পঞ্চায়েত কর্মসূচি চালু করে ভাল সাফল্য পাওয়া গেছে। টিবি রোগের চিকিৎসা গ্রামে গ্রামে পৌঁছে দেওয়া হয়েছে। টিবি রোগীদের পুষ্টিকর খাবার দেওয়ার জন্য প্রত্যেক মাসে এক হাজার টাকা করে এবং বিনামুল্যে ওষুধ দেওয়া হচ্ছে। রাজ্যপাল বলেন, রাজ্যে টিবি রোগীদের মধ্যে ৯০ শতাংশ সুস্থ হয়ে উঠছেন। খুব শীঘ্রই ত্রিপুরা টিবি মুক্ত রাজ্য হিসেবে ঘোষণা করা যাবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

রাজ্যপাল এই অভিযানে রাজ্যের সব অংশের নাগরিকদের অংশ নেবার আহবান জানান।

########Byte-Governor#######

অনুষ্ঠানে জাতীয় স্বাস্থ্য মিশনের সদস্য সচিব ডাঃ নূপুর দেববর্মা বলেন, টিবি রোগে যাতে একজনও মারা না যান এজন্য টিবি মুক্ত ভারত অভিযানটি শুরু করা হয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশন - ত্রিপুরার এম.ডি সাজু ওয়াহিদ এ বলেন, টিবি মুক্ত পঞ্চায়েত অভিযানে রাজ্যের ৬১৮টি গ্রামকে ইতিমধ্যে টিবি মুক্ত হিসেবে ঘোষণা করা হয়েছে। নতুন অভিযানে টিবি রোগী শনাক্ত করার সঙ্গে তাদের চিকিৎসার ব্যবস্থাও করা হবে। টিবি রোগীদের সাহায্য করতে রাজ্যবাসীদের নিক্ষয় মিত্র হিসেবে রেজিস্ট্রেশন করতে তিনি আহ্বান জানান। তিনি বলেন, রাজ্যে এখনও পর্যন্ত ২ হাজার ৭০০ জন নিক্ষয় মিত্র হওয়ায় জন্য আবেদন করেছেন।

***************************

**CM-Pragya Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার আরো উন্নয়নে খুব শীঘ্রই নতুনদিল্লিস্থিত এইমস হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের মৌ স্বাক্ষরিত হবে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে জাতীয় ওরাল হেলথ প্রোগ্রাম ও জাতীয় স্বাস্থ্য মিশন আয়োজিত দন্ত বিভাগের মেডিকেল অফিসার, নার্সিং অফিসার ও কমিউনিটি হেলথ অফিসারদের দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক প্রশিক্ষন শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি কৈলাশহর ও বিশালগড়ে রক্ত সংগ্রহের জন্য দুটি ভ্রাম্যমান গাড়ির উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যে বহু মানুষ লাভবান হয়েছেন। রাজ্যে সবধরনের চিকিৎসার ব্যবস্থা রয়েছে। শুধু রোগী ও তাদের পরিবারের আস্থা ও চিকিৎসকদের আত্মবিশ্বাস ও মানবিকতা তার জন্য প্রয়োজন। তিনি আগরতলায় অটল বিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার হাসপাতালের পরিষেবা নিয়েও সন্তোষ প্রকাশ করেন।

######Byte-CM######

*****************************

**Ratanlal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যের ৫৮টি ব্লকের মধ্যে এ মুহুর্তে ৩০টি ব্লক খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। আজ মোহনপুর ব্লকের ঈশানপুর পঞ্চায়েতের অন্তর্গত নন্দলাল দাস পাড়ায় শ্রী পদ্ধতিতে হাইব্রিড ধান রোপনের সূচনা করে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, প্রতি বছর রাজ্যের ১৫ লক্ষ কানি জমিতে ধান চাষ হয়। এর মধ্যে ৮৭ হাজার কানি জমিতে আউস ধান, ৯ লক্ষ ১৮ হাজার কানি জমিতে আমন ধান ও ৩ লক্ষ ৯৪ হাজার কানি জমিতে বোরো ধানের চাষ করা হয়েছে। তাছাড়া ৮৫ হাজার কানি জমিতে জুম চাষ করা হয়। তিনি বলেন, কৃষকগণ শ্রী পদ্ধতিতে ধান চাষ করলে প্রতি কানিতে ৮০ কেজি বেশি ধান উৎপাদন করতে পারবেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ৫টি দত্তক নেওয়া আদিবাসী গ্রামে চিকিৎসা সুবিধা নিশ্চিত করার জন্য এইমস দেওঘরের প্রশংসা করেছেন। রাষ্ট্রপতি আজ ঝাড়খণ্ডের দেওঘর জেলায় এইমস দেওঘরের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি এইমস দেওঘরকে উপজাতি স্বাস্থ্যের দক্ষতা কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার জন্য অভিনন্দন জানান। তিনি প্রত্যন্ত অঞ্চলে ড্রোনের মাধ্যমে উন্নত স্বাস্থ্যসেবা পরামর্শ এবং ওষুধ সরবরাহের ক্ষেত্রে প্রতিষ্ঠানের অবদানের প্রশংসা করেন। তিনি বলেন যে এই প্রতিষ্ঠানটি অন্যদের জন্য অনুসরণীয় উদাহরণ স্থাপন করেছে।

প্রতিষ্ঠানের স্বর্ণপদক বিজয়ী এবং শিক্ষাক্ষেত্রে শীর্ষস্থানীয়দের সংবর্ধনা জানিয়ে রাষ্ট্রপতি মুর্মু আনন্দ প্রকাশ করেন যে পুরষ্কারপ্রাপ্তদের মধ্যে ৫০ শতাংশেরও বেশি মহিলা। তিনি বলেন যে অনেক মেয়েকে চিকিৎসা পেশায় যোগদান এবং ভালো ডাক্তার হিসেবে আত্মপ্রকাশ করতে দেখা গর্বের বিষয়। তিনি এইমস দেওঘরে পুরুষ-মহিলা শিক্ষার্থীর অনুপাত সমান করার জন্য প্রতিষ্ঠানটিকে অভিনন্দন জানান।

রাষ্ট্রপতি জাতীয় ও রাজ্য স্তরের স্বাস্থ্য সম্পর্কিত উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কাজ করার জন্য ছাত্র,শিক্ষক ও স্বাস্থ্য ক্ষেত্রের পেশাদারদের প্রতি আহ্বান জানান।

######Byte-President######

এই অনুষ্ঠানে রাজ্যপাল সন্তোষ কুমার গাঙ্গোয়ার, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ ইরফান আনসারি, কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব নিবেদিতা শুক্লা ভার্মা, অধ্যাপক ডাঃ এন কে অরোরা, এইমস দেওঘরের চেয়ারম্যান এবং এইমসের নির্বাহী পরিচালক ডাঃ সৌরভ ভার্শনে এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

************************************

**Cabinet :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা মোট ৬৫২০ কোটি টাকা ব্যয় অনুমোদন করেছে। এর মধ্যে পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদকালে চলমান কেন্দ্রীয় ক্ষেত্রের প্রকল্প "প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনা"র জন্য অতিরিক্ত ১৯২০ কোটি টাকা ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে। আজ বিকেলে নতুনদিল্লিতে সংবাদমাধ্যমের সঙ্গে কথা

বলতে গিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, এই অনুমোদনের মধ্যে রয়েছে কম্পোনেন্ট স্কিম-ইন্টিগ্রেটেড কোল্ড চেইন অ্যান্ড ভ্যালু অ্যাডিশন ইনফ্রাস্ট্রাকচার, আইসিসিভিএআই-এর অধীনে ৫০টি মাল্টি-প্রোডাক্ট ফুড ইরেডিয়েশন ইউনিট স্থাপনে সহায়তা করার জন্য ১০০০ কোটি টাকা। এর মধ্যে রয়েছে কম্পোনেন্ট স্কিম-ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাসুরেন্স ইনফ্রাস্ট্রাকচার, এফএসকিউএআই-এর অধীনে NABL স্বীকৃতি সহ ১০০টি ফুড টেস্টিং ল্যাব স্থাপন। পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদে পি.এম.কে.এস.ওয়াই-এর বিভিন্ন কম্পোনেন্ট স্কিমের অধীনে প্রকল্প অনুমোদনের জন্য ৯২০ কোটি টাকাও অনুমোদনের মধ্যে রয়েছে।

মন্ত্রিসভা ২০২৫-২৬ থেকে ২০২৮-২৯ পর্যন্ত চার বছরের জন্য ২০০০ কোটি টাকা ব্যয়ের কেন্দ্রীয় ক্ষেত্রের প্রকল্প "জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশনকে অনুদান সহায়তা" অনুমোদন করেছে।

অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা এবং ঝাড়খণ্ড রাজ্যের ১৩টি জেলা জুড়ে চারটি মাল্টিট্র্যাকিং প্রকল্প অনুমোদন করেছে, যার ফলে ভারতীয় রেলের বিদ্যমান নেটওয়ার্ক প্রায় ৫৭৪ কিলোমিটার বৃদ্ধি পাবে। প্রকল্পগুলির মোট আনুমানিক ব্যয় ১১ হাজার ১৬৯ কোটি টাকা এবং ২০২৮-২৯ সালের মধ্যে এগুলি সম্পন্ন হবে। প্রকল্পগুলি নির্মাণের সময় প্রায় ২২৯ লক্ষ মানব-দিবসের সরাসরি কর্মসংস্থানও তৈরি করবে।

******************************

**CM-TMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিকাঠামোর ব্যাপক উন্নয়নের ফলে এখন রাজ্যেই সব ধরনের জটিল রোগের চিকিৎসা হচ্ছে। আজ হাঁপানিয়াস্থিত ত্রিপুরা মেডিক্যাল কলেজের বিবেকানন্দ অডিটোরিয়ামে বৃক্ষরোপণ ও রক্তদান কর্মসূচির অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বহিরাজ্য থেকে বিশেষজ্ঞ চিকিৎসক আনার প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। কারণ বর্তমানে রাজ্যের চিকিৎসকগণই অভিজ্ঞতা অর্জনের মধ্য দিয়ে

চিকিৎসা প্রতিষ্ঠান চালানোর মতো দক্ষতা অর্জন করেছেন। রাজ্য সরকার আগামীদিনে রাজ্যে মেডিক্যাল হাব বানানোর পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। উত্তর পূর্বাঞ্চলের চিকিৎসা প্রতিষ্ঠানগুলির মধ্যে ত্রিপুরা মেডিক্যাল কলেজ এক বিশেষ স্থানে রয়েছে। তিনি আরো বলেন, এ.জি.এম.সি. ও জি.বি.পি. হাসপাতালে প্রায় ২৫০ কোটি টাকা ব্যয়ে কর্পোরেট ধাঁচে সুপার স্পেশালিটি ব্লক তৈরি করা হয়েছে। আইএল.এস, হাসপাতালের পাশেই সর্বসুবিধাযুক্ত চক্ষু হাসপাতাল স্থাপনের বিষয়েও আলোচনা চলছে।

নেশার আসক্তি, এইচ.আই.ভি, এইডস ইত্যাদি বিষয়ে গণআন্দোলন গড়ে তোলার জন্য মুখ্যমন্ত্রী সবার প্রতি আহ্বান জানান। বক্তব্য রাখেন সোসাইটি ফর ত্রিপুরা মেডিক্যাল কলেজের চেয়ারম্যান প্রমথেশ রায়, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক স্বপন সাহা এবং ত্রিপুরা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা: অরিন্দম দত্ত।

অনুষ্ঠানে রোটারি ক্লাবের আগামী ১ বছরের কর্মসূচি 'দৃষ্টিপথ'-এর সূচনা করেন মুখ্যমন্ত্রী। ত্রিপুরা মেডিক্যাল কলেজ, রোটারি ক্লাব এবং ত্রিপুরা মেডিক্যাল ও নার্সিং কলেজের কর্মচারি সংঘের উদ্যোগে আজকের রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

****************************

**Road Accident–Unakoti :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরের চিড়াকুটি ট্রাই জংশনে গতকাল গভীর রাতে এক যান দুর্ঘটনায় চারজন নিহত ও দুজন গুরুতর আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, কুমারঘাটের দিক থেকে আসা একটি ইনোভা গাড়ি দ্রুতবেগে চিড়াকুটি এলাকায় ডিভাইডারে ধাক্কা খেয়ে পাশ্ববর্তী নালায় পড়ে যায়। গাড়িতে থাকা সাজিদ খান, আকতার আলি ও মনোজিৎ শব্দকর তিনজনের ঘটনাস্থলেই মৃত্যু হয়। গাড়ির ধাক্কায় টহলরত TSR জওয়ান মিলন দেববর্মাও প্রাণ হারান। এই দুর্ঘটনায় আহত পুলিশ ভ্যানের চালক হোমগার্ড সহিদ আলি ও TSR অষ্টম বাহিনীর রাইফেলম্যান মতিলাল সাংমা বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশের ট্রাফিক শাখার DSP

তরুণ কুমার দাস জানান, নিহতদের মৃতদেহ ময়নাতদন্তের পর তাদের পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

***************************

**Postal :**

ধর্মনগর ডাক বিভাগের আওতাধীন সমস্ত ডাকঘরে আধুনিক প্রযুক্তি নির্ভর অ্যাপ্লিকেশন চালু করা হচ্ছে। ডাক বিভাগের অধিক্ষক প্রদীপ মজুমদার এক বিজ্ঞপ্তিতে জানান, এই অ্যাপ্লিকেশন চালু হলে গ্রাহকরা আরও দ্রুত, উন্নত ও নিরবিচ্ছিন্ন পরিষেবা পাবেন। এই উন্নত ডিজিটাল সেবার সফল বাস্তবায়নের উদ্দেশ্যে আগামীকাল ও দোসরা আগস্ট এই দুই দিন ধর্মনগর ডাক বিভাগের অন্তর্গত উত্তর জেলা, ঊনকোটি, ধলাই ও খোয়াই জেলার মোট ৩৩৬টি ডাকঘরে দৈনিক লেনদেন স্থগিত থাকবে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলা, গোমতী ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৩ ডিগ্রি সেলসিয়াস। আদ্রতা সর্বোচ্চ ১০০ শতাংশ এবং সর্বনিম্ন ৬০ শতাংশ। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৮ মিলিমিটার।

*****************************